

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৯, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির সচিবালয়

জাতীয় নিরাপত্তা সমন্বয় ও নিয়ন্ত্রণ সেল

৪ নং আব্দুল গণি রোড

ঢাকা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে বৈশাখ, ১৩৯৭/৯ই মে, ১৯৯০

নং এম, আর, ও ১৭৬-আইন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা নন-গেজেটেড কর্মচারী (জাতীয় নিরাপত্তা সমন্বয় ও নিয়ন্ত্রণ সেল) নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—কিছর কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

- (ক) 'কমিশন' বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন বুঝাইবে ;
- (খ) 'বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি' বলিতে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি বুঝাইবে ;

(৩৯৩৯)

মূল্য: ৬০ পয়সা

- (গ) 'তফসিল' বলিতে বিধিমালায় সন্নিহিত সংযোজিত তফসিল বুঝাইবে;
- (ঘ) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে সরকার বুঝাইবে এবং কোনো নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঙ) 'নির্দিষ্টকৃত পদ' বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে;
- (চ) 'প্রয়োজনীয় যোগ্যতা' বলিতে তফসিলে নির্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে;
- (ছ) 'শিক্ষানবিস' বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তিকে বুঝাইবে; এবং
- (জ) 'স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়' বা 'স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড' বলিতে আপাততঃ বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোনো নির্দিষ্টকৃত পদে নিম্নবিধিত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে:—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে;
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না যদি তৎক্ষণাৎ প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ-ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তিকে কোনো নির্দিষ্টকৃত পদে এত-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা বাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) নিদিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ এর জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিগাইল না হন;

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতীক্ষিত-বদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নিদিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না ; যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অবিদগ্ধের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈনিক বৈকল্যে ভুগিতেছেন না, বাহা নিদিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন নিদিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগ কর্তৃপক্ষ/দপ্তর কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত কিংবা বখায়খ করন ও নিদিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নিদিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণী নিদিষ্টকৃত পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কো চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নিদিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) স্বামী শূন্য পদের বিপরীতে নিদিষ্ট পদে নিয়োগের জন্য, গৃহীত ব্যক্তিকে শিক্ষানবিসি করে—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্বামী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্পূর্ণ করিতে পারেন যাহাতে বঞ্চিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসির শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বহিত মেয়াদ থাকিলে তাহানহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ :—

- (ক) যদি এই নর্মে সন্তোষ হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং
- (খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;  
এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, ডায়াকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষাবিদকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষার উত্তীর্ণ হইয়া পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

## ওকসিল

ক্রমিক নং।	নির্দিষ্টকৃত পদের নাম।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা।	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১	হিসাব রক্ষক	অনুর্ধ্ব ৩০ বৎসর	প্রধান সহকারী, শাখা সহকারী, ক্যাশিয়ার পদধারীদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে প্রেষণে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির জন্য: প্রধান সহকারী পদধারীর জন্য শাখা সহকারী পদের চাকরীগণ ন্যূনপক্ষে ৫ বছর, শাখা সহকারীদের জন্য শাখা সহকারী পদে ৬ বৎসর এবং ক্যাশিয়ার পদধারীর জন্য ক্যাশিয়ার পদে ৮ বৎসরের চাকরী। সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ব-বিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। হিসাব রক্ষণের কাজে তিন বছরের অভিজ্ঞতা।
২	প্রধান সহকারী		শাখা সহকারীদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	কিডার পদে ৩ বৎসরের চাকরী।
৩	শাখা সহকারী		সরকার অনুমোদিত নিয়োগ বিধি অনুযায়ী।	
৪	সাঁচ-লিপিকার		ত্র	
৫	সাঁচ-মুদ্রাকারিক		ত্র	
৬	ক্যাশিয়ার	অনুর্ধ্ব ২৭ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ২য় বিভাগে উত্তীর্ণ। বাণিজ্য বিভাগে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রা-ধিকার দেওয়া হইবে।

- ৭ মুদ্রাকরিক সরকার অনুমোদিত নিয়োগ বিধি অনুযায়ী।
- ৮ নিয়ুবান সহকারী এ
- ৯ বেকর্ড যাপ্তাইয়ার অনূর্ধ্ব ২৭ বৎসর বিশেষ বার্তা বাহক, এস, এল, এস, এস-৩ (তিন) বৎসরের চাকুরার অভিজ্ঞতা।
- ১০ দপ্তরী সরকার অনুমোদিত নিয়োগ বিধি অনুযায়ী।
- ১১ বিশেষ বার্তা বাহক অনূর্ধ্ব ২৭ বৎসর এস, এল, এস, এস দের বধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগ।
- ১২ এস, এল, এস, এস সরকার অনুমোদিত নিয়োগ বিধি অনুযায়ী।
- পদোন্নতি ও সরাসরি নিয়োগ : ৮ম শ্রেণী পাশ এবং ষট্টি সাইকেল চালনার অভিজ্ঞতা সহ ষট্টি সাইকেল চালনার বৈধ লাইসেন্সপ্রাপ্ত হইতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
হাবিবুর রহমান  
অতিরিক্ত সচিব।

সোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কৃৎক মনুস্কৃত।  
খোন্দকার হাফিজুল হক, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকার ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কৃৎক প্রকাশিত।